DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 03:11 PM

সারাদেশ

# শিক্ষার মানোন্নয়নে নাসিরনগরে শিক্ষক-শিক্ষার্থী-অভিভাবকদের মতবিনিময় সভা

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM




ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগর উপজেলার ভলাকুট ক্ষেত্রনাথ বিশ্বাস উচ্চ বিদ্যালয়ে শিক্ষার মানোন্নয়ন ও যুগোপযোগী শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের অংশগ্রহণে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২২ জুলাই) বিদ্যালয়ের অডিটোরিয়ামে আয়োজিত এ সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন ব্রাহ্মণবাড়িয়া-১ (নাসিরনগর) আসনের সংসদ সদস্য ও উপজেলা বিএনপির সভাপতি এম. এ. হান্নান।

বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি মোহাম্মদ তৌহিদুল ইসলামের সভাপতিত্বে এবং সহকারী শিক্ষক খান মো. জহিরুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা শাহীনা নাছরীন এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মোহাম্মদ আরিফুল ইসলাম।

এ সময় বক্তব্য দেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক কে. এম. বশির উদ্দিন তুহিন, উপজেলা বিএনপির সাবেক সদস্যসচিব আজিজুর রহমান চৌধুরী, ভলাকুট ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান হাজী মো. বরকত উল্লাহ, চাতলপাড় ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক

আমিনুল হক তালুকদার, সাংবাদিক সোহরাব শান্ত, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট আলী আজম চৌধুরী, নাসিরনগর সদর ইউনিয়ন বিএনপির সভাপতি সৈয়দ আবু সারোয়ার এবং শিক্ষার্থী সাউদা ইসলাম। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক কাজী মো. আতাউর রহমান গিলমান।

প্রধান অতিথির বক্তব্যে এম. এ. হান্নান বলেন, বর্তমান প্রতিযোগিতামূলক বিশ্বে টিকে থাকতে গতানুগতিক শিক্ষা যথেষ্ট নয়; প্রয়োজন মানসম্মত ও যুগোপযোগী শিক্ষা। এ ধরনের শিক্ষা নিশ্চিত করতে শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবক□সবার সম্মিলিত দায়িত্বশীল ভূমিকা প্রয়োজন। সবার সমন্বিত প্রচেষ্টার মাধ্যমেই শিক্ষার গুণগত মান উন্নয়ন সম্ভব।

সভায় বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবক, প্রাক্তন শিক্ষার্থী এবং স্থানীয় বিএনপির নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

---

## এ বিভাগের আরও খবর



**আশুগঞ্জে রুমিন ফারহানাকে অবাঞ্ছিত ঘোষণা, বিএনপির ঝাড়ু মিছিল**

জাতীয় সংসদে বিএনপির সমালোচনা করে দেওয়া বক্তব্যের প্রতিবাদে ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য ব্যারিস্টার...




**সাতক্ষীরায় সড়ক দুর্ঘটনায় পথচারীর মৃত্যু**

সাতক্ষীরায় যাত্রীবাহী বাসের ধাক্কায় আব্দুল মাজেদ (৬০) নামে এক পথচারী নিহত হয়েছেন। আজ রোববার সকাল সাড়ে ১০টার দিকে সাতক্ষীরা-খুলনা মহাসড়কে...



### পদ্মায় নিখোঁজ ছাত্রদল নেতা রকির মরদেহ উদ্ধার

কুষ্টিয়ার ভেড়ামারায় পদ্মা নদীতে নৌকা ভ্রমণে গিয়ে হার্ডিঞ্জ ব্রিজের পিলারের সঙ্গে ধাক্কা লেগে নিখোঁজ ঝিনাইদহের শৈলকুপার পৌর ছাত্রদলের সদস্য...




### ব্রাহ্মণবাড়িয়ায় কনসার্ট ইস্যুতে সমঝোতা, মানতে হবে যে শর্ত

ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের নবীনবরণ উপলক্ষে কনসার্ট আয়োজনকে কেন্দ্র করে সৃষ্ট বিরোধের অবসান হয়েছে। শনিবার (১৩ সেপ্টেম্বর) সন্ধ্যায় ব্রাহ্মণ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন:

https://www.dhakaprobe.com/saradesh/shikshar-manonnyne-nasirngre-shikshk-shiksharthi-obhibhabkder-mtbinimy-sbha